# REGIONAL NEWS UNIT
# ALL INDIA RADIO, AGARTALA
# Date: 17-09-2024
# Time: 07:55-08:05 PM Hrs
# BENGALI EVENING BULLETIN

---

**Headlines :**

**(১) আজ থেকে দেশ জুড়ে স্বচ্ছতাই সেবা অভিযান-২০২৪ শুরু হয়েছে। (২) অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, স্বচ্ছতার পরিবেশ বজায় রাখতে হলে স্বচ্ছ মানসিকতা নিয়ে কাজ করতে হবে।**

**(৩) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, জল সম্পদ সীমিত তাই সবার জন্য জলের সরবরাহ কেবল দক্ষ ব্যবহারের মাধ্যমেই সম্ভব।**

**(৪) যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের উদ্যোগে আগামীকাল থেকে বিভিন্ন বয়স বিভাগে বালক ও বালিকাদের রাজ্যভিত্তিক অ্যাথলেটিক্স ও সাঁতার প্রতিযোগিতা পানিসাগরে শুরু হবে।**

*********************************************

**Swacchtai seva campaign:**

আজ থেকে দেশ জুড়ে স্বচ্ছতাই সেবা অভিযান-২০২৪ শুরু হয়েছে । চলবে আগামী ২ অক্টোবর পর্যন্ত। এবারের মূল ভাবনা 'স্বভাব স্বচ্ছতা-সংস্কার স্বচ্ছতা'। এর আওতায় শ্রমদান ও সম্মিলিত উদ্যোগে সারা দেশে পর্যটন স্থল, সরকারি ভবন, জলাশয়, চিড়িয়াখানা, অভয়ারণ্য এবং জনসাধারণের ব্যবহৃত শৌচালয়ের মতো স্থানগুলিতে পরিচ্ছন্নতা অভিযান চালানো হবে। তিনটি মূল স্তম্ভের ওপর এবারের অভিযান পরিকল্পনা করা হয়েছে। এগুলি হল-স্বচ্ছতার জন্য নির্ধারিত স্থান- সি টি ইউ শ্রমদান কার্যক্রম, স্বচ্ছতায় জন ভাগীদারি এবং সাফাই মিত্র সুরক্ষা শিবির।

আকাশবাণী আগরতলা কেন্দ্রের সংবাদ বিভাগের কর্মীরা আজ দপ্তরে স্বচ্ছতার শপথ গ্রহণ করেন। শপথ বাক্য স্পাথ কোরান বার্তা সম্পাদককুনাল শিন্দে।

**********************

**Piyush Goyal:**

বাণিজ্য ও শিল্পমন্ত্রী পীযূষ গোয়েল বলেছেন, পরিচ্ছন্নতা এখন গণ আন্দোলনে পরিণত হয়েছে। স্বচ্ছতা হি সেবা অভিযানের অংশ হিসেবে আজ নতুনদিল্লিতে বাণিজ্য ও শিল্প মন্ত্রকের আধিকারিক ও কর্মীদের স্বচ্ছতার শপথ পাঠ করানোর সময় শ্রী গোয়েল একথা বলেন। তিনি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির দৃষ্টিভঙ্গির রূপান্তরমূলক প্রভাব উল্লেখ করে বলেন, এটি লক্ষ লক্ষ মানুষকে অনুপ্রাণিত করেছে এবং জাতির ভবিষ্যত গঠন করে চলেছে। তিনি আরো উল্লেখ করেন যে পরিচ্ছন্নতা আন্দোলনের শিকড় মহাত্মা গান্ধীর আদর্শেই নিহিত রয়েছে ।

**********************

**Swachhta CM:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডঃ মানিক সাহা বলেছেন, স্বচ্ছতার পরিবেশ বজায় রাখতে হলে স্বচ্ছ মানসিকতা নিয়ে কাজ করতে হবে। পরিবেশকে সুন্দর ও স্বাভাবিক রাখার জন্য সাফাই অভিযানের পাশাপাশি বৃক্ষরোপণে সকলকে এগিয়ে আসতে হবে। আজ উদয়পুরে রাজ্যভিত্তিক 'স্বচ্ছতা হি সেবা অভিযান -২০২৪' এর উদ্বোধন করে তিনি একথা বলেন । তিনি বলেন...................................

#######BYTE#######

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির জন্মদিন উপলক্ষে গোমতী জেলার উদয়পুর জগন্নাথ দীঘি প্রাঙ্গণে আয়োজিত এই অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, সরকারের পাশাপাশি সাধারণ জনগণ সকলে নিজ নিজ এলাকা, বাড়িঘর, রাস্তাঘাট, স্কুল, কলেজ, বিভিন্ন ধর্মীয় স্থান, পর্যটন কেন্দ্র ইত্যাদি পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে পারলেই বিভিন্ন ধরণের রোগব্যাধি থেকে সহজে মুক্তি পাওয়া যাবে। তিনি বলেন, প্রধানমন্ত্রীও একই দিশাতে কাজ করছেন। যারফলে স্বচ্ছতা আজ একটি গুরুত্বপূর্ণ প্রচারাভিযানের রূপ পেয়েছে।

মুখ্যমন্ত্রী বলেন, সাধারণ মানুষের চিকিৎসার কথা চিন্তা করে প্রধানমন্ত্রী জনআরোগ্য যোজনা চালু করা হয়েছে। রাজ্যেও যারা প্রধানমন্ত্রী জনআরোগ্য যোজনার অন্তর্ভুক্ত হতে পারেননি তাদের জন্য মুখ্যমন্ত্রী জনআরোগ্য যোজনা চালু করা হয়েছে। দেশের বীর সৈনিকদের সম্মানার্থে হর ঘর তিরঙ্গা, মেরি মাটি মেরা দেশ, ৭৫ সীমান্ত গ্রাম ক্রান্তি বীরো কে নাম ইত্যাদি অনুষ্ঠান করা হচ্ছে। অনুষ্ঠানে অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় বলেন, নিজের এলাকাকে পরিষ্কার রাখার দায়িত্ব সকলের।

অনুষ্ঠানে পানীয়জল ও স্বাস্থ্য বিধান দপ্তর এবং নগর উন্নয়ন দপ্তরের সচিব অভিষেক সিং বক্তব্য রাখেন। স্বাগত ভাষণ দেন গোমতী জেলার জেলাশাসক তড়িৎ কান্তি চাকমা। মুখ্যমন্ত্রী আজ জগন্নাথ দীঘির পূর্ব পাড়ে সাফাই অভিযানে অংশ নেন এবং 'এক পেড় মা কে নাম' ভাবনার অঙ্গ হিসেবে বৃক্ষরোপণ কর্মসূচিতে অংশগ্রহণ করেন।

মুখ্যমন্ত্রী ও তেলেঙ্গানার রাজ্যপাল যিষ্ণু দেববর্মা বন্যায় ক্ষতিগ্রস্ত টেপানিয়া আমতলিস্থিত 'আলোর দিশারি' আশ্রমে প্রেরিত সামগ্রী বোঝাই গাড়িটির যাত্রার সূচনা করেন। পরে মুখ্যমন্ত্রী মাতাবাড়ি ত্রিপুরাসুন্দরী মন্দিরে পূজো দেন।

**********************

**Swacchta Hi Seva:**

মুখ্যসচিব জে.কে সিনহা আজ সিপাহীজলা জেলা ভিত্তিক পাক্ষিক "স্বচ্ছতা-ই- সেবা" ২০২৪ কর্মসূচির উদ্বোধন করেন। ভারতরত্ন অটল বিহারি বাজপেয়ী চড়িলাম দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে আয়োজিত জেলাভিত্তিক এই অনুষ্ঠানে মুখ্যসচিব বলেন, স্বচ্ছতা প্রতিটি মানুষের প্রাত্যহিক জীবনের অঙ্গ হওয়া প্রয়োজন। অনুষ্ঠানে "স্বচ্ছতা ই সেবা " সিপাহীজলা জেলা ভিত্তিক লোগোর আবরণ উন্মোচন করেন মুখ্যসচিব। এবছরের এই কর্মসূচির ভাবনা "স্বচ্ছ স্বভাব , স্বচ্ছ সংস্কার। অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন সিপাহীজলা জেলার জেলাশাসক ডক্টর সিদ্ধার্থ শিব জয়সওয়াল। অতিরিক্ত জেলাশাসক সুব্রত মজুমদার ছাত্রছাত্রী সহ উপস্থিত সকলকে স্বচ্ছতার শপথ পাঠ করান। বিদ্যালয় প্রাঙ্গনে স্বাস্থ্য শিবিরে সাফাই কর্মীদের স্বাস্থ্য পরীক্ষা করা হয়। কয়েকজন সাফাই মিত্রকে সংবর্ধিত করা হয় এবং তাদের মধ্যে কাজের সহায়ক বিভিন্ন সরঞ্জাম বিতরণ করা হয় । এছাড়াও আভা ও প্রধানমন্ত্রী জনআরোগ্য যোজনার কার্ড বিতরণ করা হয়। স্বচ্ছতা বজায় রেখে কাজ করার জন্য ফুড ভেন্ডার, রেস্টুরেন্ট ও খাবারের দোকানের মালিকদের মধ্য থেকে ৪ জনকে পুরস্কৃত করা হয়। বিদ্যালয় প্রাঙ্গণে বিভিন্ন গাছের চারা রোপন করেন অতিথিরা। অনুষ্ঠানে অতিরিক্ত জেলাশাক ডি. গোয়েল ও রিঙ্কু লেথার সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

**********************

**BJP Press Meet:**

তৃতীয়বারের মতো প্রধানমন্ত্রী হিসেবে দ্বায়িত্ব গ্রহণের পর ১০০ দিনে নরেন্দ্র মোদি মানুষের উন্নয়নে ১৫ লক্ষ কোটি টাকার বিভিন্ন প্রকল্প গ্রহণ

করেছেন। আজ প্রদেশ বিজেপি কার্যালয়ে এক সাংবাদিক সম্মেলনে প্রদেশ বিজেপি সভাপতি তথা সাংসদ রাজীব ভট্টাচার্য একথা জানান। তিনি বলেন নরেন্দ্র মোদি সবসময় গরিব কল্যাণ, নিরাপত্তা, নারী সুরক্ষা, যোগাযোগ ব্যবস্থা, স্বাস্থ্য ক্ষেত্রকে প্রাধান্য দিয়ে কাজ করে চলেছে। কৃষকদের স্বার্থে কিষান সন্মান নিধি থেকে শুরু করে নতুন সড়ক অনুমোদন, নারীদের উন্নয়নে লাখপতি দিদি থেকে সেলফ হেল্প গ্রুপ গঠন এবং মহিলাদের নিরাপত্তায় নরেন্দ্র মোদীর সরকার প্রাধান্য দিচ্ছে।

**********************

**President-water week:**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, জল সম্পদ সীমিত তাই সবার জন্য জলের সরবরাহ কেবল দক্ষ ব্যবহারের মাধ্যমেই সম্ভব। নতুন দিল্লির ভারত মণ্ডপমে আজ চতুর্থ ভারত জল সপ্তাহের উদ্বোধন করে রাষ্ট্রপতি একথা বলেন। তিনি বলেন, শুধুমাত্র জনশক্তির সাহায্যেই জলের শক্তি সঠিকভাবে সংগ্রহ ও ব্যবহার করা যায়। জলশক্তির সঠিক সঞ্চয় ও ব্যবহারের লক্ষ্যমাত্রা অর্জন করতে হলে সকল নাগরিককে জলযোদ্ধার ভূমিকা পালন করতে হবে।

**********************

**PM, Odisha:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ ওড়িশায় রেল ও জাতীয় মহাসড়ক প্রকল্পের পাশাপাশি ওড়িশা সরকারের অগ্রাধিকার ভিত্তিক মহিলা-কেন্দ্রিক উদ্যোগ, সুভদ্রা যোজনার সূচনা করেন। প্রধানমন্ত্রীকে, আজ ভুবনেশ্বরে বিজু পট্টনায়েক আন্তর্জাতিক বিমানবন্দরে উপজাতীয় লোক নৃত্য এবং বাজনার সঙ্গে পরম্পরাগত ভাবে স্বাগত জানানো হয় ও জন্মদিনে র শুভেচ্ছা জানানো হয়।

প্রধানমন্ত্রী সামাজিক মাধ্যমে বলেছেন সুভদ্রা যোজনা মহিলাদের ক্ষমতায়নকে বাড়িয়ে তুলবে এবং আমাদের নারী শক্তির আর্থিক স্বাধীনতা নিশ্চিত করবে। এই যোজনায় ২১ থেকে ৬০ বছর বয়সী সকল যোগ্য মহিলারা পাঁচ বছরের মধ্যে ৫০হাজার টাকা পাবেন।এর আগে, শ্রী মোদি ভুবনেশ্বরের গাদাকানায় একটি বস্তি এলাকা পরিদর্শন করেন এবং শহুরে প্রধানমন্ত্রী আবাস যোজনার ২০ জন সুবিধাভোগীর সঙ্গে মতবিনিময় করেন। তিনি সুবিধাভোগীদের হাতে যোজনার আওতায় তৈরি তাদের বাড়ির চাবি তুলে দেন। প্রধানমন্ত্রী জাতিকে ২,৮০০ কোটি টাকার রেল প্রকল্প

উৎসর্গ করেছেন এবং এক হাজার কোটি টাকারও বেশি মূল্যের জাতীয় মহাসড়ক প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। তিনি প্রায় ১৪টি রাজ্যে প্রধানমন্ত্রী গ্রামীণ আবাস যোজনার অধীনে প্রায় ১০ লক্ষ সুবিধাভোগীকে ৩,১৮০ কোটি টাকার সহায়তার প্রথম কিস্তিও প্রদান করেন। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী আবাস প্লাস ২০২৪ এপ্লিকেশনের উদ্বোধন করেন।

*********************

**Hindi:**

প্রসার ভারতীর চেয়ারম্যান নবনীত কুমার সেহগাল বলেছেন যে সমস্ত ভাষাকে সম্মান করার পাশাপাশি হিন্দি ভাষার প্রচার করা উচিত। আজ নতুনদিল্লিতে প্রসার ভারতী সচিবালয়ে হিন্দি দিবস উদযাপনের একটি অনুষ্ঠানে ভাষণ দিতে গিয়ে শ্রী সেহগাল বলেন, হিন্দি ভাষা সহজে বলা ও বোঝা যায়। তিনি বলেন, সবার উচিত গর্ব করে হিন্দি বলা। তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি সারা বিশ্বের বড় বড় বড় মঞ্চে হিন্দিতে বক্তব্য রাখেন। এই অনুষ্ঠানে প্রসার ভারতীর সিইও গৌরব দ্বিবেদী প্রতিদিনের দপ্তরের কাজে সরকারী ভাষা হিন্দি ব্যবহার করার উপর জোর দেন। তিনি বলেন, ভারতীয় ভাষার মধ্যে হিন্দির অনন্য অবস্থান রয়েছে। শ্রী দ্বিবেদী কর্মকর্তাদের ই- অফিস প্ল্যাটফর্মে কাজ করার সময় হিন্দি ব্যবহার করার জন্য আবেদন জানান। আকাশবাণীর মহানির্দেশক প্রজ্ঞা পালিওয়াল গৌর, দূরদর্শনের মহানির্দেশক কাঞ্চন প্রসাদ এবং অন্যান্য ঊর্ধ্বতন কর্মকর্তারা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

*********************

**CM- Blood Donation:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জন্মদিন উপলক্ষ্যে সেবাপাক্ষিক কার্যক্রমের অঙ্গ হিসেবে আজ বিজেপি বনমালীপুর মন্ডল যুব মোর্চার উদ্যোগে নজরুল কলাক্ষেত্রে রক্তদান শিবিরের আয়োজন করা হয়। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা, সাংসদ রাজীব ভট্টাচার্য, যুব মোর্চার সভাপতি সুশান্ত দেব সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

মুখ্যমন্ত্রী বলেন রক্তের কোনো ধর্ম হয়না। রক্তের কোনো বিকল্প হয়না। রক্তদান হচ্ছে সর্ব বৃহৎ দান। তিনি রাজ্যের ব্লাড ব্যাঙ্কগুলিতে রক্তের ইউনিটের পর্যাপ্ত সরবরাহ বজায় রাখার উপর জোর দেন। মুখ্যমন্ত্রী বলেন নরেন্দ্র মোদির নেতৃত্বে দল ও সরকার সর্বদা মানুষের স্বার্থে কাজ করে যাবে। পাশাপাশি প্রধানমন্ত্রীর জন্মদিন উপলক্ষ্যে গৃহীত কর্মসূচি গুলি

গুরুত্বের সাথে পালন করা হবে বলে তিনি জানান।আজ এই অনুষ্ঠানে দুঃস্থদের মধ্যে বস্ত্র দান করা হয়। শিবিরের ১০০জনের মতো রক্তদান করেন।

**********************

**Biswakarma Puja:**

দেশের বিভিন্ন স্থানের সঙ্গে রাজ্যেও আজ দেবশিল্পী বিশ্বকর্মা পূজার আয়োজন করা হয়েছে। এই উপলক্ষে আগরতলার বিভিন্ন সরকারী দপ্তর, কারিগরী শিক্ষা প্রতিষ্ঠান, শিল্প প্রতিষ্ঠান, কারিগরী দোকান, কারখানায় পূজিত হচ্ছেন বিশ্বকর্মা। আর কে নগরস্থিত টি এস আর ২ নম্বর ব্যাটেলিয়ানের জওয়ানরাও বিশ্বকর্মা পূজোর আয়োজন করেছেন। আকাশবাণী আগরতলার কর্মীবৃন্দ রানীরবাজার বৃদ্ধিনগরস্থিত ট্রান্সমিশন কেন্দ্রে বিশ্বকর্মা পূজার আয়োজন করেছেন ।

**********************

**PM, VISHWAKARMA:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বিশ্বকর্মা জয়ন্তী উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন । তিনি নির্মাণ ও সৃষ্টির সাথে জড়িত দক্ষ এবং পরিশ্রমী কারিগর এবং নির্মাতাদের অভিনন্দন জানান। প্রধানমন্ত্রী আত্মবিশ্বাস ব্যক্ত করেন যে একটি উন্নত ও স্বনির্ভর ভারতের সংকল্প সাধনে তাদের অবদান অতুলনীয় হবে।

**********************

**NCC-Courtesy Meet:**

এনসিসির অতিরিক্ত  ডিরেক্টর জেনারেল মেজর জেনারেল গগন দীপ আজ সকালে রাজভবনে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লুর সঙ্গে সৌজন্য সাক্ষাৎকারে মিলিত হন। সাক্ষাৎকালে মেজর জেনারেল গগন দীপ ত্রিপুরা সহ উত্তর পূর্বাঞ্চলে এনসিসির কাজকর্ম সম্পর্কে রাজ্যপালকে অবহিত করেন।

মেজর জেনারেল গগন দীপ গতকাল মুখ্যমন্ত্রী অধ্যাপক (ডা:) মানিক সাহার সঙ্গেও সৌজন্য সাক্ষাৎকারে মিলিত হন। উত্তর পূর্বাঞ্চলে এনসিসির উল্লেখযোগ্য কর্মকান্ডের জন্য মুখ্যমন্ত্রী এনসিসির অতিরিক্ত  ডিরেক্টর জেনারেল মেজর জেনারেল গগন দীপকে সংবর্ধনা জ্ঞাপন করেন।

**********************

**Ek Ped ma ke naam:**

পশ্চিম জেলা ভিত্তিক আবাস প্লাস ২০২৪ অ্যাপ্লিকেশনের উদ্বোধন উপলক্ষে আজ বামুটিয়া ব্লক প্রাঙ্গনে "এক পেড় মা কে নাম" এবং "গৃহ প্রবেশ" কর্মসূচির আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন পশ্চিম জেলার জিলা পরিষদের সভাধিপতি বলাই গোস্বামী, গ্রামোন্নয়ন দপ্তরের সচিব ডঃ সন্দীপ রাঠোর, জেলা শাসক ডাঃ বিশাল কুমার, বামুটিয়া ব্লকের বিডিও অমিতাভ ভট্টাচার্য প্রমুখ।

**********************

**State-Athletics:**

যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের উদ্যোগে আগামীকাল থেকে ২০ সেপ্টেম্বর পর্যন্ত অনুর্দ্ধ ১৪, ১৭ এবং ১৯ বছর বয়সের বালক ও বালিকা বিভাগে রাজ্যভিত্তিক অ্যাথলেটিক্স প্রতিযোগিতা এবং ২৪ থেকে ২৬ সেপ্টেম্বর অনুর্দ্ধ ১৪, ১৭ ও ১৯ বছর বয়সের বালক ও বালিকা বিভাগে রাজ্যভিত্তিক সাঁতার প্রতিযোগিতা পানিসাগরে অনুষ্ঠিত হবে। আগামীকাল বিকাল ৪ টায় অ্যাথলেটিক্স বিভাগে তিনদিনব্যাপী রাজ্যভিত্তিক বিদ্যালয় ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন পানিসাগর শারীর শিক্ষণ মহাবিদ্যালয়ের ইন্ডোর হলে অনুষ্ঠিত হবে। এছাড়া আগামী ২৪ সেপ্টেম্বর বিকেল ৪ টায় সাঁতার প্রতিযোগিতার উদ্বোধন করা হবে।

**********************

**Weather:**

আগামী ২৪ ঘন্টায় দক্ষিণ জেলার দু-এক জায়গায় ভারী বর্ষণের সর্তকতা জারি করেছে আবহাওয়া দপ্তর। তাছাড়া অন্যান্য সব জেলায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের  সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রি এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪ দশমিক নয় ডিগ্রী এবং সর্বনিম্ন ছাব্বিশ দশমিক ছয় ডিগ্রী সেলসিয়াস।

**********************

**********************